

Class - XI-Sociology : Term I (Half-yearly) : 2021-22 : Marks - 40

I. MCQ/বহুবিকল্প উত্তর ভিত্তিক প্রশ্ন :

1 x 10 = 10

1. 'সমাজতত্ত্ব' শব্দটি কে প্রণয়ন করেন ?
(i) হারবার্ট স্পেনসার (ii) ইমাইল দুখাইম (iii) অগাস্ট কোথ (iv) কার্ল মার্কস।
2. Socius শব্দটি কোন ভাষা থেকে নেওয়া হয়েছে ?
(i) জার্মান (ii) লেটিন (iii) গ্রিক (iv) রোমান।
3. প্রাথমিক গোষ্ঠীর একটি উদাহরণ হল —
(i) সংঘ (ii) পরিবার (iii) জাতি (iv) সংস্থা
4. যৌথ পরিবার গঠনে কয়টি প্রজন্ম থাকে ?
(i) পাঁচ (ii) এক (iii) দুই (iv) তিন
5. ————— পরিবার স্বামী, স্ত্রী এবং তাদের অবিবাহিত সন্তানদের নিয়ে গঠিত হয়।
(i) একক পরিবার (ii) পরিবর্ধিত পরিবার (iii) যৌথ পরিবার (iv) কোনটাই নয়।
6. 'আমরা বোধ' ————— এর একটি প্রয়োজনীয় উপাদান।
(i) সমাজ (ii) সম্প্রদায় (iii) সংঘ (iv) প্রতিষ্ঠান।
7. ————— সাধারণত এক ধরনের বিবাহ যেখানে একজন পুরুষ এবং একজন মহিলা যুক্ত থাকে।
(i) বহুবিবাহ (ii) দ্বি-বিবাহ (iii) একক বিবাহ (iv) বর্হিবিবাহ
8. খাসি, গারো এবং জয়ন্তিয়া উপজাতিরা বেশীর ভাগ ————— এলাকায় থাকে।
(i) গুজরাট (ii) মেঘালয় (iii) কাশ্মীর (iv) বিহার।
9. যে পদ্ধতিতে একটি শিশু সামাজিক প্রাণী হিসাবে বেড়ে ওঠে সেটাকে বলা হয় —————।
(i) পশ্চিমীকরণ (ii) আধুনিকীকরণ (iii) সামাজিকীকরণ (iv) বিশ্বায়ন।
10. ধর্ম, ঐতিহ্য এবং প্রথা হল ————— সংস্কৃতির উদাহরণ।
(i) পার্থিব (ii) অ-পার্থিব (iii) (i) এবং (ii) দুটোই (iv) কোনটাই নয়।

II. একটি শব্দ বা বাক্যে উত্তর দাও :

1 x 20 = 20

11. সমাজতত্ত্বের জনক কাকে বলা হয় ?
12. সমাজতত্ত্ব কবে প্রতিষ্ঠিত হয়েছিল ?
13. জৈব-বিবর্তন এর ধারণাটি কে প্রণয়ন করেন ?
14. শিল্প বিপ্লব কোন জায়গায় শুরু হয়েছিল ?
15. শিল্প বিপ্লবের পূর্বে ইংল্যান্ড-এ প্রধান পেশা কি ছিল ?
16. কোন বিষয় সহজ/সরল সমাজ নিয়ে কাজ করে ?
17. প্রাথমিক গোষ্ঠীর একটা উদাহরণ দাও।
18. বর্হি-গোষ্ঠীর একটি উদাহরণ দাও।
19. সামাজিক স্তর বিন্যাসের একটি ধরণ/প্রকার লেখ।
20. কোন ধরনের স্তরবিন্যাস অর্থনৈতিক নির্নায়কের ভিত্তিতে হয় ?

21. একটি মাতৃকুলভিত্তিক পরিবারের উদাহরণ দাও।
22. 'গোত্র' কি অস্বর্বিবাহ ভিত্তিক?
23. বিবাহ সম্পর্কিত আত্মীয়ের একটি উদাহরণ দাও।
24. শ্রমবিভাজন কি ঐতিহ্যগত সমাজে বেশী নাকি আধুনিক সমাজে?
25. রাষ্ট্রের একটি উপাদান লেখ।
26. সংস্কৃতির একটি উপাদান লেখ।
27. সাংস্কৃতিক পরিবর্তনের একটা কারণ লেখো।
28. গণমাধ্যমের একটি উদাহরণ দাও।
29. পার্থিব সংস্কৃতির একটি উদাহরণ দাও।
30. পেশাগত গোষ্ঠী কি একটি সামাজিকীকরণের মাধ্যম হতে পারে?

III. নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দাও (সর্বাধিক ২০ শব্দে)

2 x 5 = 10

31. মর্যাদা কি?
32. ধর্ম কি?
33. শিক্ষার গুরুত্ব কি?
34. সাংস্কৃতিক বিবর্তন কি?
35. উপ-সংস্কৃতি কি?